

## আল-ইনশিরাহ | Ash-Sharh | الشَّرْح

আয়াতঃ ৯৪ : ৮

আরবি মূল আয়াত:

وَإِلَىٰ رَبِّكَ فَارْغَب ﴿٨﴾

অনুবাদসমূহ:

আর তোমার রবের প্রতি আকৃষ্ট হও। — আল-বায়ান

এবং তোমার রব-এর প্রতি গভীরভাবে মনোযোগ দিবে। — তাইসিরুল

এবং তোমার রবের প্রতিই মনোনিবেশ কর। — মুজিবুর রহমান

And to your Lord direct [your] longing. — Sahih International

৮. আর আপনার রবের প্রতি গভীর মনোযোগী হোন।(১)

(১) النصب অর্থ কঠোর প্রচেষ্টার পর ক্লান্ত হওয়া। এ প্রচেষ্টাটি দুনিয়ার কাজেও হতে পারে, আবার আখেরাতের কাজেও হতে পারে। এখানে কী উদ্দেশ্য তা নিয়ে কয়েকটি মত পাওয়া যায়। সবগুলো মতই গ্রহণযোগ্য হতে পারে। কেউ কেউ বলেছেন, এর অর্থ সালাতের পর দু'আয় রত হওয়া। কেউ কেউ বলেন, ফরযের পর নফল ইবাদতে রত হওয়া। মূলত এখানে উদ্দেশ্য দুনিয়ার কাজ থেকে খালি হওয়ার পর আখেরাতের কাজে রত হওয়াই উদ্দেশ্য। শেষ আয়াতে বলা হয়েছে, একমাত্র আল্লাহরই নিকট মনোযোগী হয়ে সকল ইবাদত যেন তিনি কবুল করে নেন, এ আশা করো। এ আয়াতে মুমিনদের জীবনে বেকারত্বের কোন স্থান দেওয়া হয় নি। হয় সে দুনিয়ার কাজে ব্যস্ত থাকবে, নয় আখেরাতের কাজে। [আদওয়াউল বায়ান, সা'দী]

তাফসীরে জাকারিয়া

৮। আর তোমার প্রতিপালকের প্রতিই মনোনিবেশ কর। [1]

[1] অর্থাৎ, তাঁর কাছেই তুমি জান্নাতের আশা রাখ। তাঁর কাছেই তুমি নিজের প্রয়োজন ভিক্ষা কর এবং সর্ববিষয়ে তাঁরই উপর নির্ভর কর ও ভরসা রাখ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6098>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন